সুখবর ! সুখবর !! সুখবর !!!

আপনি কি বেকার? আপনার বয়স কি ১৮ হতে ৩০ এর মধ্যে? কারিগরি প্রশিক্ষণ নিয়ে বিভিন্ন শিল্প কারখানায় চাকরি করতে চান? তাহলে আপনাকেই খুঁজছে শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর সেপা প্রকল্পের আওতায় স্বাবলম্বী হবার ট্যালেন্ট হান্ট প্রোগ্রামের মাধ্যমে। আগামী ০৫ ফেব্রুয়ারি ২০১৯ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে স্বাবলম্বী হবার ট্যালেন্ট হান্ট প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিটাকের মহাপরিচালক, প্রকল্প পরিচালক, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর উপস্থিতিতে প্রশিক্ষণের যোগদানপত্র প্রদান করা হবে।

<u>আবেদনের নিয়মাবলী</u>

ইউনিয়ন পরিষদ, পৌরসভা অফিস, উপজেলা পরিষদ মিলানায়তনের পাশের ফটোকপির দোকান হতে ফরম সংগ্রহ করা যাবে। শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্বের সনদ ও ২ কপি পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করে উক্ত তারিখে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ০৯:০০ ঘটিকায়। আবেদনের নূন্যতম যোগ্যতা ৮ম শ্রেণী পাশ হতে হবে।

প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণার্থীদের থাকা খাওয়া ও যাতায়াত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক বহন করা হবে। প্রশিক্ষণ চলাকালে বিটাকের অভ্যন্তরে হোস্টেলে অবস্থান করতে হবে।

আয়োজনে ও সার্বিক তত্ত্বাবধানে -
উপজেলা প্রশাসন, কিশোরগঞ্জ সদর।

Scanned by CamScanner

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
শিল্প মন্ত্রণালয়

# দারিদ্র্যের শৃঙ্খল ভেঙ্গে আমরা প্রতিষ্ঠিত হবোই

## আলোর পথে বিটাক-এ চল

**যাতায়াত, থাকা-খাওয়া ও প্রশিক্ষণসহ যাবতীয় খরচ সরকার বহন করবে**

ভিশন ২০২১, এসডিজি ২০৩০ এবং ভিশন ২০৪১ অর্জনের লক্ষ্যে সরকারী পৃষ্ঠপোষকতায় বিটাক-এর তত্ত্বাবধানে কারিগরি প্রশিক্ষণ

**প্রশিক্ষণের স্থানঃ**
মহিলা ঃ বিটাক - ঢাকা।
পুরুষ ঃ বিটাক - চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা ও বগুড়া।

**আবেদন পাঠানোর ঠিকানাঃ**
বরাবর, প্রকল্প পরিচালক, সেপা, বিটাক
১১৬ (খ) তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
যোগাযোগ ঃ টেলিফোনঃ ০২-৮৮৭০২৬৭, মোবাইলঃ ০১৬২১২৩৭৯৩৯
ওয়েবসাইটঃ www.bitac.gov.bd

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র(বিটাক)
১১৬ (খ) তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
website : www.bitac.gov.bd

"হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন।"
(সেপা প্রকল্প)

Service @ Doorsteps
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়

Scanned by CamScanner

## পটভূমি

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দারিদ্র্য এবং বেকারত্ব দেশটির উন্নয়নের পথে একটি বড় বাঁধা। এ বাধাঁ দূর করতে দেশের যুব সমাজকে কারিগরি প্রশিক্ষণ প্রদানের কোন বিকল্প নেই। দারিদ্র্য এবং বেকারত্ব এর অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ অর্জনের জন্য বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এ আত্নকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় মহিলাদের জন্য ৩ মাস ব্যাপী ৯টি ট্রেড এবং পুরুষদের জন্য ২মাস ব্যাপী ৩টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়।

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) শিল্প মন্ত্রণলায়ের অধীন একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশে উন্নত কারিগরি দক্ষতাসম্পন্ন জনশক্তি সৃষ্ঠির লক্ষে উচ্চ মানসম্পন্ন প্রশিক্ষন প্রদান করে থাকে। প্রশিক্ষণের জন্য বিটাকে রয়েছে পর্যাপ্ত সংখ্যক সুদক্ষ প্রশিক্ষক এবং আধুনিক যন্ত্রপাতিসমৃদ্ধ ওয়ার্কসপ। প্রশিক্ষণার্থীদের এখানে তাত্বিক জ্ঞানের পাশাপাশি নিজ হাতে কাজ করে দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করে থাকেন। বিটাক প্রশিক্ষত জনবলের দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে। এ অবকাঠামোগত সুবিধায় বিটাকের ঢাকা,চট্রগ্রাম, চাঁদপুর, খুলনা ও বগুড়া কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। মহিলাদের কোর্সগুলি মূলতঃ ঢাকা কেন্দ্র অনুষ্ঠিত হচ্ছে।

| ক্র নং | ট্রেডের নাম | যাদের জন্য প্রযোজ্য | মেয়াদ | আসন |
|---|---|---|---|---|
| ১ | লাইট মেশিনারিজ | মহিলা | ৩ মাস | ৩০ |
| ২ | ইলেকট্রনিক্স | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৩ | ইকেট্রিক্যাল মেইনটেন্যান্স | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৪ | অটোক্যাড | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৫ | রেফ্রিজারেশন এবং এয়ারকন্ডিশনিং | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৬ | হাউজ হোল্ড এ্যাপ্লায়েন্স | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৭ | কার্পেন্টি | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৮ | প্লাষ্টিক প্রসেসিং (জেনারেল) | মহিলা | ৩ মাস | ৩০ |
| ৯ | প্লাষ্টিক প্রসেসিং (কাষ্টমাইজ) | মহিলা | ৩ মাস | ৩০ |
| ১০ | ওয়েল্ডিং | পুরুষ | ২ মাস | ৩০ |
| ১১ | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স | পুরুষ | ২ মাস | ৩০ |
| ১২ | রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | পুরুষ | ২ মাস | ৩০ |

প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতাঃ

উপরোক্ত কোর্সসমুহ নূন্যতম ৮ম শ্রেণী পর্যন্ত যাদের লেখাপড়া আছে তাদের জন্য উপযোগী। ক্ষেত্রবিশেষ মেধাবী অথচ লেখাপড়া করার জন্য সুযোগ পায়নি তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা কম-বেশি হলেও বিবেচনায় নেওয়া হবে।

Scanned by CamScanner

**যে সকল প্রার্থীদের বিবেচনায় আনা হয়ঃ**

১। সমাজের অসহায়, দরিদ্র্য ও মেধাবী মহিলা।

২। যারা চাকুরী করতে ইচ্ছুক ।

৩। যাদের বয়স ১৮ থেকে ৩০ বছর।

৪। মুক্তিযোদ্ধার সন্তানদের অগ্রাধিকার দেওয়া হবে ।

৫। বিধবা/তালাক প্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেওয়া হয়।

**প্রশিক্ষণের সুযোগ-সুবিধাসমুহঃ**

১। প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণাথীদের থাকা-খাওয়া ও যাতায়াত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক বহন করা হবে।

২। প্রশিক্ষণ শেষে বিভিন্ন শিল্প কারখানায় চাকুরীর সুযোগ রয়েছে।

**আবেদনের নিয়মাবালী ঃ**

১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে, বিটাকের কেন্দ্র সমূহ/ওয়েবসাইট থেকে আবেদন পত্র সংগ্রহ করা যাবে।

২। আবেদনপত্রের সাথে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, ২কপি ছবি সহ সকল সার্টিফিকেটের ফটোকপি সত্যায়িত করে দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রে প্রার্থীকে জরুরী যোগাযোগের জন্য মোবাইল/টেলিফোন নম্বর দিতে হবে।

**আবাসন ব্যবস্থা ঃ**

প্রকল্পের অধীনে আবাসনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। আবাসনের ব্যবস্থা গ্রহণ সকলের জন্য বাধ্যতামুলক।

**কোর্সের মেয়াদ ঃ মেয়েদের জন্য ৩ মাস**

| ক্রমিক নং | বিষয় | কার্য সময় |
|---|---|---|
| ০১। | ত্বাত্ত্বিক | ঃ ৬০ ঘন্টা |
| ০২। | ব্যবহারিক | ঃ ২২৮ ঘন্টা |
| ০৩। | সাইট ভিজিট | ঃ ১ দিন |
| ০৪। | ওরিয়েন্টেশন | ঃ ১ দিন |

কোর্স শুরু হওয়ার একদিন আগে অত্র কেন্দ্রে রিপোর্ট করতে হবে এবং কোর্স শেষ হওয়ার সর্বেচ্চ একদিনের মধ্যে অত্র কেন্দ্র ত্যাগ করতে হবে।

**কোর্সের মেয়াদ ঃ ছেলেদের জন্য ২ মাস**

| ক্রমিক নং | বিষয় | কার্য সময় |
|---|---|---|
| ০১। | ত্বাত্ত্বিক | ঃ ৪০ ঘন্টা |
| ০২। | ব্যবহারিক | ঃ ১৫০ ঘন্টা |
| ০৩। | ওরিয়েন্টেশন | ঃ ১ দিন |

Scanned by CamScanner

**ট্রেনিং কোর্সসমূহের ক্ষেত্র ঃ**

প্রকল্পের অধীনে অনুষ্ঠেয় কোর্সসমূহের মধ্যে অটোক্যাড শিল্পাঞ্চলে অবস্থিত বিভিন্ন ইন্ডাষ্টি এবং শহরের বিভিন্ন আধুনিক বিল্ডি-এর ডিজানের ক্ষেত্রে বিশাল ভূমিকা রাখতে সক্ষম। শহরে বিল্ডিং তৈরীতে এবং বিভিন্ন ইন্ডাষ্টিতে এর পাশাপাশি টিগ মিগ ওয়েল্ডিং এর ক্ষেত্র রয়েছে। এছাড়াও বিদেশে ওয়েল্ডার, ইলেকট্রিশিয়ান, এসি/রেফ্রিজারেশন টেকনিশিয়ানদের বিপুল চাহিদা রয়েছে। হাউজ হোল্ড এ্যাপ্লায়েন্স রক্ষণাবেক্ষণের উপর ট্রেনিং প্রাপ্তদের বিদেশে প্রচুর চাহিদা রয়েছে। কার্পেন্ট্রির উপর ট্রেনিং প্রাপ্তরা নিজেরা ঘরে বসেই বিভিন্ন কাঠের সামগ্রী তৈরির মাধ্যমে আয়ের ব্যবস্থা করতে পারে। প্লাস্টিক প্রসেসিং এবং ইলেকট্রনিক্স কোর্সে ট্রেনিং প্রাপ্তদের বিভিন্ন ইন্ডাস্ট্রিতে মেইনটেন্যাস এর কাজ ছাড়াও নিজস্ব ছোট আকারের কারখানা তৈরির মাধ্যমে কর্মস্থানের ব্যবস্থা করার সুযোগ আছে । এছাড়া ওয়েল্ডিং, হাউজহোল্ড এ্যাপ্লায়েন্স রক্ষণাবেক্ষণ, প্রশিক্ষণার্থীদের নিজ নিজ এলাকায় নিজস্ব উদ্যাগে স্বাবলম্বী হতে পারে।

**কর্মসংস্থানের সম্ভাবনা ঃ**

বাংলাদেশ প্রতিষ্ঠিত শিল্প কারখানায় লোকবলের বর্তমান এবং ভবিষ্যত চাহিদা অনুযায়ী কর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণার্থী এবং সংশ্লিষ্ট শিল্প কারখানার মধ্যে যোগসূত্র স্থাপন করার ব্যবস্থা নেয়া হবে, প্রয়োজনে তাদের চাহিদা অনুয়ায়ী ক্ষেত্র বিশেষ সামঞ্জস্যপূর্ন কোর্স কারিকুলাম তৈরি করা হয়।


**প্রধান কার্যালয়**

১১৬/খ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮
ফোন ঃ ৮৮৭০৬৮০, ৮৮৭০২৬৬
ফ্যাক্স ঃ ৮৮-০২-৮৮৭০৭২৮
ই-মেইল ঃ bitac@dhaka.net
ওয়েব সাইট ঃ www.bitac.gov.bd

**ঢাকা আঞ্চলিক কার্যালয়**

১১৬/খ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮
ফোন ঃ ৮৮৩৬২৮৫ (প্রশিক্ষণ)
ঃ ৮৮৭০৬৮০, ৮৮৭০২৬৬
ফ্যাক্স ঃ ৮৮-০২-৮৮৭০৭২৮
ই-মেইল ঃ bitac@dhaka.net

**চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়**

সাগরিকা রোড, পাহাড়তলী
পোঃ কাষ্টম একাডেমী
চট্টগ্রাম-৪২১৯
ফোন ঃ ৭৫০০০৩, ২৭৭৩২১৪
ফ্যাক্স ঃ ৮৮-০৩১-৭৫১৪৭৭
ই-মেইল ঃ bitac.ctg.@gmail.com

**চাঁদপুর আঞ্চলিক কার্যালয়**

কুমিল্লা রোড
ডাক বাক্স নং-১০
চাঁদপুর-৩৬০০
ফোন ঃ ৬৬৭০৩, ৬৩০৬০
ফ্যাক্স ঃ ৮৮-০৮৪১-৬৬৭০৩

**খুলনা আঞ্চলিক কার্যালয়**

প্লট নং-আর ১-৪
কেডিএ শিল্প এলাকা
পোঃ শিরোমনি, খুলনা-৯২০৪
ফোন ঃ ৭৮৫৭৪৬, ৭৮৬০৫০
ফ্যাক্স ঃ ৮৮-০৪১-৭৮৫৭৪৬
ই-মেইল: bitac@bttb.net.bd

**বগুড়া আঞ্চলিক কার্যালয়**

নিশিন্দারা, কারবালা
বগুড়া-৫৮০০
ফোন ঃ ৫১৯৩২
পিবিএক্স ঃ ০৫১-৬০৫২৭
ফ্যাক্স ঃ ০৫১-৫১৯৩২
ই-মেইল: bograbitac@gmail.com


Scanned by CamScanner